

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.৩৭.০৩৭.২০১১-২৮৯

তারিখঃ ২০/০৩/২০১৭

বিষয় : ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর এর স্মারক নং-১১৫; তারিখ : ০৮/০২/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ সদর উপজেলা পরিষদে রাজস্ব তহবিলের অর্থায়নে পরিষদের হলরুমে সাউন্ড সিস্টেম সংযোজন ও এসি স্থাপন কাজের অনুমোদনের বিষয়টি বিবেচনার লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) এসি স্থাপন- পরিষদের টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত আছে কি-না ;


খ) এসি স্থাপন অংশ- ১ ও অংশ- ২ বলতে কি বুঝানো হয়েছে।

গ) হলরুমে সাউন্ড সিস্টেম কাজের অংশ- ১ ও অংশ- ২ বলতে কি বুঝানো হয়েছে।

ঘ) প্রায় ০২ বছর পূর্বে গৃহিত অস্পষ্ট সিদ্ধান্ত সম্মিলিত কার্যবিবরণী প্রেরণের কারণ ;

ঙ) প্রস্তাবিত প্রাক্কলনগুলো যাচাই-বাছাই/পরীক্ষান্তে বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে পরিষদ সভায় অনুমোদিত প্রাক্কলন, প্রাক্কলনে সংশ্লিষ্ট সকলের স্বাক্ষর ও নামযুক্ত সীল, নির্বাহী প্রকৌশলীর কারিগরী প্রতিবেদন প্রেরণ।

চ) হলরুমে ৬.০০ লক্ষ টাকা ব্যয়ে কি কি আসবাবপত্র কতমূল্যে ক্রয় করা হবে তার সংক্ষিপ্ত তালিকা এবং চলতি অর্থ বছরে রাজস্ব তহবিল হতে কত টাকার আসবাবপত্র ক্রয় করা হয়েছে এ সংক্রান্ত তথ্যাদি।


(লুৎফুন নাহার) ২০/৩/২০১৭

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

ময়মনসিংহ সদর।

অনুলিপি :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর।

২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।